



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-০১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা-৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২ (অংশ-৩)- ৪৭০


তারিখ: ১৪ আষাঢ় ১৪২৮।  
২৮ জুন ২০২১।

বিষয়: ই-নামজারি সিস্টেমে উত্তরাধিকারসহ অন্যান্য সনদ যাচাই এবং তথ্য সংগ্রহে প্রত্যয়ন সিস্টেমের ব্যবহার।

সূত্র: ভূমি মন্ত্রণালয়ের পত্র নং- ৩১.০০.০০০০.০৫৭.০৮.০০১.২১.৫ তারিখ: ১১ মে ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ই-নামজারি সিস্টেমে উত্তরাধিকারসহ অন্যান্য সনদ যাচাই এবং তথ্য সংগ্রহে প্রত্যয়ন সিস্টেমের ব্যবহার সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের পত্রটি এ সাথে প্রেরণ করা হলো। উক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০১ পাতা

  
মমতাজ বেগম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৬২২৪৭  
E-mail: lgdupazila1@lgd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

----- উপজেলা  
----- জেলা।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক (সকল),----- জেলা।
- ২। চেয়ারম্যান (সকল),----- উপজেলা,----- জেলা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়ের সাইটে প্রকাশের অনুরোধসহ)।

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি



প্রশাসন-১ শাখা  
স্থানীয় সরকার বিভাগ

বিষয়ঃ ই-নামজারি সিস্টেমে উত্তরাধিকারসহ অন্যান্য সনদ যাচাই এবং তথ্য সংগ্রহে প্রত্যয়ন সিস্টেমের ব্যবহার।

সূত্রঃ ভূমি মন্ত্রণালয়ের পত্র নং- ৩১.০০.০০০০.০৫৭.০৮.০০১.২১.৫ তারিখঃ ১১/০৫/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের ই-নামজারি সিস্টেমে উত্তরাধিকারসহ অন্যান্য সনদ যাচাই এবং তথ্য সংগ্রহে প্রত্যয়ন সিস্টেমের ব্যবহার সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের পত্রটি এ সাথে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

এ কে এম মিজানুর রহমান  
উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩

E-mail: [lgadmin1@lgd.gov.bd](mailto:lgadmin1@lgd.gov.bd)

বিতরণঃ

- ১। উপসচিব (পৌর-১/পৌর-২/জেলা পরিষদ/উপজেলা-২/ইউনিয়ন পরিষদ-১/ইউনিয়ন পরিষদ-২/উন্নয়ন-১/পাস-১/পাস-২/পাস-৩ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ২। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০২৫. ২০১২- ৪৬৪

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ ১৪২৮  
১৮ মে ২০২১



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
ভূমিসেবা ডিজিটাইজেশন মনিটরিং সেল  
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।  
www.minland.gov.bd



তারিখ: ২৮ বৈশাখ ১৪২৮

১১ মে ২০২১

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.০৮.০০১.২১.৫

বিষয়: ই-নামজারি সিস্টেমে উত্তরাধিকারসহ অন্যান্য সনদ যাচাই এবং তথ্য সংগ্রহে প্রত্যয়ন সিস্টেমের ব্যবহার।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ই-নামজারি সিস্টেমে নাগরিকগণ আবেদন করলে উত্তরাধিকার বা ওয়ারিশ সনদ বাধ্যতামূলকভাবে সংযুক্ত করতে হয়। এ গুরুত্বপূর্ণ সনদটি স্ক্যান করে সংযুক্ত করলে নামজারি নথিতে তথ্যের ঘাটতি বা জালিয়াতির সম্ভাবনা থেকেই যায়। ওয়ারিশ সনদ সংক্রান্ত সকল প্রকারের জালিয়াতি রোধকল্পে এবং এটি অনলাইনে যাচাইসহ তথ্য সংগ্রহ আরো নিরাপদ ও বিশ্বাসযোগ্য করতে ই-নামজারি সিস্টেমের (mutation.land.gov.bd) সাথে প্রত্যয়ন সিস্টেমের (prottoyon.gov.bd) আন্তঃসংযোগ স্থাপন করা হয়েছে। এর ফলে এখন থেকে সহকারী কমিশনার (ভূমি)গণ ই-নামজারির আবেদন নিষ্পত্তির সময় “ওয়ারিশ যাচাই” ক্লিক করলেই প্রত্যয়ন সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে বিষয়টি যাচাই করে তাৎক্ষণিকভাবে সিদ্ধান্ত গ্রহণের জন্য ওয়ারিশ-সংক্রান্ত প্রয়োজনীয় সঠিক তথ্য উপস্থাপন করবে।

প্রসংগত উল্লেখ্য, প্রত্যয়ন সিস্টেম থেকে দেশের যে-কোন প্রান্ত থেকে এখন একজন নাগরিকের তথ্য জাতীয় পরিচয় অথবা জন্ম/মৃত্যু নিবন্ধন নম্বর দিয়ে জাতীয় তথ্য ভান্ডার থেকে অনলাইনে সহজেই যাচাই করার সুযোগ রয়েছে। এছাড়া জনপ্রতিনিধিগণও এই সিস্টেমে জাতীয় তথ্য ভান্ডার থেকে প্রাপ্ত নির্ভরযোগ্য তথ্যের উপর ভিত্তি করে সকল সনদ ইস্যু বা বাতিল করতে পারেন। ডিজিটালি ভেরিফাইড এবং সময়-সাময়িক প্রত্যয়ন সিস্টেম স্থানীয় সরকার প্রতিষ্ঠান-কর্তৃক যথাযথভাবে ব্যবহার নিশ্চিত করা সম্ভব হলে ই-নামজারির আবেদন নিষ্পত্তির হার যেমনি বহুগুণে বৃদ্ধি পাবে, তেমনি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ডিজিটাল অগ্রযাত্রাও ত্বরান্বিত হবে।

এ ব্যাপারে আপনার আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

সংযুক্তি: প্রশিক্ষণ নির্দেশিকা ও ভিডিও টিউটোরিয়ালের লিংক

১১-৫-২০২১

মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ

সচিব

ফোন: +৮৮০২৯৫৫৫০৪৩

ফ্যাক্স: +৮৮০২৯৫৪০০২৫

ইমেইল: secretary@minland.gov.bd

সিনিয়র সচিব

স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.০৮.০০১.২১.৫/১

https://igd.nothi.gov.bd